*অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালত*
*আলিপুর , দক্ষিণ ২৪ পরগনা*

*উপস্থিত বিচারক মহাশয় – শ্রী অমিত সরকার ( **J.O. CODE – WB01103)***
অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট **(**আলিপুর**)**

## *এম.এক্স:- ১৪১/ ২০২১*

*আদেশ দানের তারিখ:- ইংরাজী ২৪/০২/২০২৬*

মামলার দরখাস্তকারিনীর তরফে হাজিরা দাখিল করা হয়েছে।

মামলার দরখাস্তকারিনীর তরফের নিয়োজিত মাননীয় আইনজীবি আদালতে উপস্থিত আছেন ।

দরখাস্তকারিনীর তরফের নিয়োজিত আইনজীবি আদালতের সমীপে এইমর্মে বক্তব্য পেশ করলেন যে- বর্তমান মামলার অপরপক্ষ যতক্ষণ পর্যন্ত না গ্রেপ্তার হচ্ছেন ততক্ষণ পর্যন্ত মামলার কোনোরকম Payment হয়না ।

বর্তমান মামলাটির নথিভুক্ত দস্তাবেজাদি দৃষ্টে প্রতীয়মান হচ্ছে যে- আদালত একাধিকবার গ্রেপ্তারী পরোয়ানা জারীর জন্য আদেশ প্রদান করছেন।

ইংরাজী ২৫/০৭/২০২৫ তারিখে ১২৯১/২০২৫ নম্বরীকৃত Process -র মাধ্যমে প্রেরিত আদালত নির্দেশিত গ্রেপ্তারী পরোয়ানাটি অদ্যবধি জারী করা হয়নি।

আদালত ইতিমধ্যে ইংরাজী ১৩/১০/২০২৫ তারিখে এবং ইংরাজী ০৮/১২/২০২৫ তারিখে দুইটি নির্দেশ দিয়েছিলেন ।

উল্লিখিত আদেশ সমূহের প্রতিলিপি ইংরাজী ১৫/১০/২০২৫ তারিখের ১৬৮৬/২০২৫ নম্বরীকৃত Process; এবং

ইংরাজী ১৬/১২/২০২৫ তারিখের ২০০০/২০২৫ ও ২০০১/২০২৫ নম্বরীকৃত Process -র মাধ্যমে সংশ্লিষ্ট থানাকে প্রেরণ করা হয়েছিল ।

সুতরাং থানাকে পুনরায় সুযোগ দেবার প্রেক্ষিতে কোনো উপায়ান্তর আদালতের সমক্ষে উপলব্ধ নেই।

**এমতাবস্থায় আদালতের আদেশ অবজ্ঞা তথা অমান্য করার জন্য ক্যানিং থানার সংশ্লিষ্ট Warrent executing officer-র বিরূদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা ( W/A ) জারী করার নির্দেশ দেওয়া হল ।**

S.D.P.O. বারুইপুর-কে Warrent executing officer-র বিরূদ্ধে জারী হওয়া গ্রেপ্তারী পরোয়ানা (W/A ) -টি কার্যকর (Execute) করার জন্য আবশ্যকীয় পদক্ষেপ গ্রহনের নির্দেশ দেওয়া হল ।

**পরবর্তী ধার্য্য তারিখে ইংরাজী ২৫/০৭/২০২৫ তারিখে Process no-১২৯১/২০২৫ -র মাধ্যমে প্রেরিত আদালত নির্দেশিত গ্রেপ্তারী পরোয়ানাটি কার্যকর করার জন্য নির্দেশ দেওয়া হল ।**

ইংরাজী ২৫/০৩/২০২৬ তারিখ উল্লিখিত গ্রেপ্তারী পরোয়ানা জারীর প্রতিবেদন (E.R of W/A) দাখিলের জন্য নির্ধারন করা হল ।

আদালতের উপরোক্ত আদেশটি কার্যকর না করা হলে ক্যানিং থানার ও.সি-কে ব্যক্তিগত ভাবে আদালতে তলব করা হবে ।

আদালতের আদেশ রূপায়নের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা এবং পদক্ষেপ গ্রহনের জন্য বর্তমান আদেশের একটি প্রতিলিপি S.D.P.O. বারুইপুর-কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।

বর্তমান আদেশের একটি প্রতিলিপি ক্যানিং থানার ও.সি-কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।

আদালতের আদেশ অনুসারে লিখিত এবং সংশোধিত

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট (আলিপুর)
আলিপুর

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট (আলিপুর)
আলিপুর